

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-৩শাখা
www.mopa.gov.bd


স্মারক নং- ০৫.১১২.৯৯৯.০০.০০.০১৫.২০০৫-২১৪

তারিখঃ ১০ আশ্বিন, ১৪১৮ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর, ২০১১খ্রিঃ

বিষয়ঃ “জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬ সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে “জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬ এর সংশোধিত কপি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

২০১১/৯/২০
৩০/৯/২০১১


(হাফিজ বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬৯৬৮২
sasadmin3@mopa.gov.bd

১। কমিশনার

----- বিভাগ।


২। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নং- ০৫.১১২.৯৯৯.০০.০০.০১৫.২০০৫-২১৪/৭১(১৪)

তারিখঃ ২৫-০৯-২০১১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম-সচিব (এপিডি)/প্রশাসন/সিপিটি/শৃঙ্খলা ও আইন/বিধি/সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. উপ-সচিব, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।
৮. অফিস কপি।


(হাফিজ বেগম)
সিনিয়র সহকারী সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৮, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৬-আইন/২০১১।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, “জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালাঃ—

১। পূর্ণ শিরোনাম এ উল্লিখিত “জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে।

২। বিধি ১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা “জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬ নামে অভিহিত হইবে।”।

(১৩৭৭৩)

মূল্য : টাকা ২.০০

৩। তফসিল এর—

(ক) ক্রমিক নম্বর ৬ এবং উহার বিপরীতে কলাম- ২,৩,৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
৬।	উচ্চমান সহকারী	—	পদোন্নতির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : (ক) এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) অফিস সহকারী/রেকর্ড ক্লার্ক/লাইব্রেরী সহকারী/একাউনটেন্ট ক্লার্ক/কপিষ্ট/সার্টিফিকেট সহকারী পদে অন্যান্য ৩(তিন) বৎসরের চাকরি।”।

(খ) ক্রমিক নম্বর ১০ এবং উহার বিপরীতে কলাম-২,৩,৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১০।	অফিস সহকারী/ রেকর্ডক্লার্ক/ লাইব্রেরী সহকারী/ একাউনটেন্ট ক্লার্ক/কপিষ্ট	৩০ বৎসর	(ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : (ক) এস,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে পাঁচ বৎসরের, প্রসেস সার্ভার ও দণ্ডরী হিসাবে আট বৎসরের এবং এম,এল,এস,এস/ নাইট গার্ড/ফরাশ/ মালী/সুইপার হিসাবে দশ বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”।

(গ) ক্রমিক নম্বর ১০ এর পর নিম্নরূপ ক্রমিক নম্বর ১০ক সংযোজিত হইবে, যথা ঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
“১০ক।	সার্টিফিকেট সহকারী	৩০ বৎসর	(ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে ঃ (ক) এস,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে পাঁচ বৎসরের, প্রসেস সার্ভার ও দণ্ডরী হিসাবে আট বৎসরের এবং এম,এল,এস,এস/নাইট গার্ড/ফ্রাশ/ মালী/সুইপার হিসাবে দশ বৎসরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবাল মাহমুদ

সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd